# সিলিক্যাপ

**সিলিমারিন ১৪০ মিগ্রা**

**ন্যাচারাল হেপাটোপ্রোটেকটিভ**

**বিবরণ:** "মিল্ক থিসল" বিগত দুই হাজার বছর ধরে পৃথিবীর বিভিন্ন দেশে ঔষধি উপাদান হিসেবে ব্যবহৃত হয়ে আসছে। ইহা সাধারণত যকৃত ও পিত্তথলির সমস্যার চিকিৎসায় ব্যবহৃত হয়। সিলিমারিন নামক একটি ফ্লাভনয়েড কমপ্লেক্স মিল্ক থিসল এর প্রধান সক্রিয় উপাদান। সিলিমারিন ফ্লাভনয়েড এর প্রধান কার্যকর সক্রিয় উপাদান- সিলিবিন যা একটি শক্তিশালী এন্টি অক্সিডেন্ট হিসেবে কাজ করে এবং যকৃত কোষে ক্ষতিকর রাসায়নিক উপাদান প্রবেশে বাধা দেয় এবং একই সাথে নতুন যকৃত কোষ উৎপাদন প্রক্রিয়াকে উদ্দীপ্ত করে।

**উপাদান: সিলিক্যাপ ১৪০ মিগ্রা-** প্রতি ক্যাপসুলে রয়েছে সিলিমারিন সম্বলিত মিল্ক থিসল বীজের ১৪০ মিগ্রা স্ট্যান্ডার্ডাইজড শুষ্ক নির্যাস।

**ফার্মাকোলজী:** মিল্ক থিসল এর সক্রিয় নির্যাস "সিলিমারিন ফ্লাভনয়েডস এবং পলিফেনলস্ নিয়ে গঠিত। সিলিমারিন প্রোটিন সংশ্লেষনের মধ্য দিয়ে অ্যালকোহল বা অন্যান্য টক্সিক উপাদানের কারণে ক্ষয়প্রাপ্ত যকৃত কোষের পূন:উৎপাদন প্রক্রিয়াকে সহায়তা করে। যকৃত কোষের বাইরের আবরণীকে অধিক স্থিতিস্থাপকতা প্রদানের মধ্য দিয়ে সিলিমারিন টক্সিক উপাদান সমূহকে লিভার কোষে প্রবেশে বাধা প্রদান করে। সিলিমারিন নতুন যকৃত কোষ উৎপাদন করে লিভার কোষের সংখ্যা বৃদ্ধিতে সহায়ক ভুমিকা পালন করে। ইহা যকৃতের প্রদাহ কমায় এবং শক্তিশালী এন্টিঅক্সিডেন্ট হিসেবে কাজ করে। সিলিমারিন এবং সিলিবিন মূলত চারভাবে কাজ করে থাকে: ১. শক্তিশালী এন্টি অক্সিডেন্ট হিসেবে, ২. কোষ আবরণীর স্ট্যাবিলাইজার হিসেবে হেপাটোটক্সিসিটি প্রতিরোধ করে, ৩. রাইবোজোমাল আরএনএ সংশ্লেষণের মাধ্যমে যকৃত কোষ পুর্নগঠন প্রক্রিয়াকে উদ্দীপ্ত করে এবং ৪. যকৃত কোষ সমূহকে লিভার সিরোসিসের জন্য দায়ী মায়োফ্রাইব্রোব্লাস্ট এ রূপান্তরে বাধাদানকারী হিসেবে। এভাবে সিলিমারিন ফ্রি রেডিকেল সমূহকে ধ্বংস এবং দেহ থেকে অপসারণ করে লিভারের সুরক্ষা নিশ্চিত করে।

**রোগ নির্দেশনা:** যকৃতের প্রদাহ, জণ্ডিস, ফ্যাটি লিভার, অ্যালকোহল জনিত যকৃতের রোগ, লিভার সিরোসিসসহ বিভিন্ন যকৃত সমস্যা।

**মাত্রা ও সেবনবিধি: সিলিক্যাপ ১৪০ মিগ্রা-** ১টি করে ক্যাপসুল দৈনিক ২-৩ বার, যতদিন রোগের লক্ষণ-উপসর্গ দূরীভূত না হয় অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব-প্রতিক্রিয়া:** সাধারণত নির্দেশিত মাত্রায় কোন পার্শ্ব-প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় না। তবে কারও কারও ক্ষেত্রে বমি বমি ভাব, বমি, ডায়রিয়া ও আন্ত্রিক অস্বস্তিভাব পরিলক্ষিত হতে পারে।

**প্রতিনির্দেশনা:** এখন পর্যন্ত তেমন কোন প্রতিনির্দেশনার কথা জানা যায়নি। তবে কারও ক্ষেত্রে এর বিশেষ কোন উপাদানের প্রতি সংবেদনশীলতা দেখা দিলে সেক্ষেত্রে তা প্রতিনির্দেশিত।

**সতর্কতা:** সিনথেটিক নিদ্রাকারক ও ব্যথা নাশক জাতীয় ঔষধের সাথে একত্রে প্রয়োগ এর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। ১২ বছরের কম বয়সী শিশুদের বিশেষজ্ঞ চিকিৎসকের প্রত্যক্ষ তত্বাবধানে থেকে চিকিৎসা গ্রহন করতে হবে।

**গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে:** গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে সিলিমারিন সেবনের ক্ষেত্রে সুস্পষ্ট কোন পার্শ্বপ্রতিক্রিয়ার প্রমাণ পাওয়া যায়নি, তবে এসময়ে ইহার ব্যবহার এড়িয়ে চলাই ভাল অথবা প্রয়োজন হলে চিকিৎসকের প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেবন নেওয়া উচিৎ।

**সংরক্ষণ:** সূর্যালোক থেকে দূরে, শীতল ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন।

**পরিবেশনা:** প্রতিটি বাক্সে আছে ১০×৩ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।

প্রস্তুতকারক
IBN SINA
**দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ**
(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।